

**স্বীকৃতি পেয়েছে  
নতুন ৫৭০টি  
মাদ্রাসা**

ইত্তেফাক রিপোর্ট। দেশের প্রায় ১০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের লেখাপড়ার পরিবেশ নিয়ে সরকার বিদ্রোহের পরিস্থিতির মুখোমুখি পড়লেও ১৮৯টি শিক্ষা প্রতিষ্ঠানকে নতুনভাবে এমপিওভুক্ত করা হয়েছে। বিগত সরকারের আমলে বন্ধ ঘোষিত ২২২টি মাদ্রাসা পুনরায় চালু করা হয়েছে। সরকারী স্বীকৃতি প্রদান করা হয়েছে আরও ৫৭০টি নতুন মাদ্রাসাকে। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য প্রকাশ করা হয়।